গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
বিদ্যালয়-১ অধিশাখা

নং-৩৮.০০৭.০১৫.০০০.০৩.০০.২০১৩-১১০৫

তারিখঃ ২৫ কার্তিক ১৪২১
০৯ নভেম্বর ২০১৪

# পরিপত্র

**বিষয়ঃ জাতীয়করণকৃত বিদ্যালয়ের শিক্ষকদের পিআরএল, এলএলও ও পেনশন মঞ্জুরীসহ টাইম-স্কেল/সিলেকশন গ্রেড প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, প্রাথমিক বিদ্যারয় (অধিগ্রহণ) আইন, ১৯৭৪ এর অধীন জাতীয়করণকৃত সকল প্রাথমিক বিদ্যালয় সরকারি প্রাথমিক বিদ্যালয় হিসাবে গণ্য এবং তদনুসারে এইসব বিদ্যালয়ের সরকারি চাকুরীতে আত্তীকৃত শিক্ষকগণের পিআরএল, এলএলও, পেনশন ও টাইম-স্কেল/সিলেকশন গ্রেড মঞ্জুরীর কর্তৃত্ব সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের উপর ন্যস্ত। কাজেই জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ অন্যান্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের ন্যায় অধিগ্রহণকৃত বিদ্যালয়ের আত্তীকৃত শিক্ষকগণের অনুকূলেও প্রচলিত বিধি মোতাবেক প্রাপ্য টাইম-স্কেল/সিলেকশন গ্রেডসহ অবসরগ্রহণ/মৃত্যুবরণকারী শিক্ষকগণের পিআরএল, এলএলও ও পেনশন মঞ্জুর করিবেন। তবে অধিগ্রহণকৃত বিদ্যালয়ের শিক্ষকগণ সন্তোষজনক অতীত চাকুরীর ভিত্তিতে আত্তীকৃত হইয়াছেন বিধায় তাহাদের বিধি মোতাবেক প্রাপ্য টাইম-স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে বিগত ০৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক বার্ষিক গোপনীয় প্রতিবেদনের শর্ত প্রযোজ্য হইবে না।

(মোহাম্মদ আবুল কালাম) ০৯.১১.১৪
উপ-সচিব
ফোনঃ ৯৫১১০৭৩

**বিতরণঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়/পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
৬। মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ (৫ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
৮। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা,.................................... বিভাগ (সকল)।
১০। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,..............................................জেলা (সকল)।
১২। উপজেলা/থানা শিক্ষা অফিসার,.............................................. উপজেলা/থানা (সকল)।
১৩। উপজেলা/থানা হিসাব রক্ষণ কর্মকর্তা,..................................... উপজেলা/থানা (সকল)।

১৭৮-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
বিদ্যালয়-১ অধিশাখা

নং- ৩৮.০০৭.০১৫.০০০.০৩.০১.২০১৪-১১০৪

তারিখ: ২২ কার্তিক ১৪২১ / ০৬ নভেম্বর ২০১৪

বিষয়: **জাতীয়করণকৃত বিদ্যালয়ের আত্তীকরণকৃত শিক্ষকগণের চাকরি, প্রশিক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুরূপে সম্পাদনের নিমিত্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে একটি বিশেষ সেল স্থাপন প্রসঙ্গে।**

জাতীয়করণকৃত বিদ্যালয়ের শিক্ষকগণের সরকারি চাকরিতে আত্তীকরণ-পূর্ব এবং পরবর্তী প্রশাসনিক ব্যবস্থাপনা, প্রশিক্ষণ, তথ্য ব্যবস্থাপনা ইত্যাদি সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুরূপে সম্পাদনের সুবিধার্থে প্রয়োজনীয় জনবল নিয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে একটি বিশেষ সেল স্থাপন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'ল। উক্ত সেলের কাজ সুষ্ঠুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনে সিপিই হতে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ এক বা একাধিক কর্মকর্তাকে সাময়িকভাবে সংযুক্ত করা যেতে পারে।

(মোহাম্মদ আবুল কালাম) ০৬.১১.১৪
উপ-সচিব
ফোনঃ ৯৫১১০৭৩

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা/
মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।

০/৫

৲৭২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
বিদ্যালয়-১ অধিশাখা

নং-৩৮.০০৭.০১৫.০০০.০৩.০১.২০১৪-১১৮৬

তারিখ: ২২ কার্তিক ১৪২১ / ০৬ নভেম্বর ২০১৪

**বিষয়: জাতীয়করণকৃত বিদ্যালয়ের শিক্ষকদের পিআরএল মঞ্জুরী প্রসঙ্গে।**

নির্দেশিত হয়ে জাতীয়করণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মধ্যে সরকারি চাকরিতে আত্তীকরণ-পরবর্তী সময়ে অবসরে গমনকারী/মৃত্যুবরণকারী/পদত্যাগকারী শিক্ষকগণের পিআরএল মঞ্জুরী সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট বিধি-বিধানের ও আলোকে দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তাদের নির্দেশ প্রদান করতে অনুরোধ জানানো হ'ল।

(মোহাম্মদ আবুল কালাম) ০৬.১১.১৪
উপ-সচিব
ফোনঃ ৯৫১১০৭৩

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

/৭২/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
বিদ্যালয়-১ অধিশাখা

নং- ৩৮.০০৭.০১৫.০০০.০৩.০১.২০১৪- ১১০২

তারিখ: ২২ কার্তিক ১৪২১ / ০৬ নভেম্বর ২০১৪

বিষয়: **অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের আত্তীকৃত শিক্ষকগণের ০১ জানুয়ারি ২০১৩ এর পূর্বের বকেয়া এমপিও দাবী নিষ্পত্তি প্রসঙ্গে।**

বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের সিদ্ধান্তের আওতায় অধিগ্রহণকৃত বিদ্যালয়ের আত্তীকরণকৃত শিক্ষকগণের ০১ জানুয়ারি ২০১৩ তারিখের পূর্বের বকেয়া এমপিও/প্রাপ্য পরিশোধ প্রসঙ্গে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ সংক্রান্ত কেন্দ্রীয় টাস্কফোর্সের ১১শ সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(ক) এমপিওভুক্ত শিক্ষকগণের ক্ষেত্রে আদালতের আদেশ ও এমপিও পরিশোধে আরোপিত স্থগিতাদেশ প্রত্যাহারের সূত্রে প্রাপ্য ০১ জানুয়ারি ২০১৩ এর পূর্বের অপরিশোধিত এমপিও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের সুনির্দিষ্ট মতামতের ভিত্তিতে সরকারি চাকরিতে আত্তীকরণ-পরবর্তী সময়ে পরিশোধ্য বেতন-ভাতাদির সাথে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে পরিশোধ করা যেতে পারে।

(খ) রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য গঠিত প্যানেল হতে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে পূর্বে এমপিওভুক্ত হয় নাই এমন শিক্ষকদের স্ব-স্ব যোগদানের তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০১২ তারিখ পর্যন্ত সময়ের জন্য এমপিও-হারে প্রাপ্য বকেয়া সরকারি চাকরিতে আত্তীকরণ-পরবর্তী সময়ে পরিশোধ্য বেতন-ভাতাদির সাথে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে পরিশোধ করা যেতে পারে।

০২। উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয়কে অবহিত রেখে যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'ল।

০৬.১১.১৪

(মোহাম্মদ আবুল কালাম)
উপ-সচিব
ফোনঃ ৯৫১১০৭৩

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা/
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।

- ৭০ -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
বিদ্যালয়-১ অধিশাখা

নং-৩৮.০০৭.০১৫.০০০.০৩.০০.২০১৩- ১১০১

তারিখঃ ২২ কার্তিক ১৪২১ / ০৬ নভেম্বর ২০১৪

# পরিপত্র

**বিষয়:** **২০১৩ ও ২০১৪ সালে জাতীয়করণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন নির্ধারণের জন্য চাকুরীকাল গণনা ও ছুটিসহ অন্যান্য আর্থিক সুবিধাদির প্রাপ্যতা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ০৫ জুন ২০১৪ তারিখে জারীকৃত ৩৮.০০৭.০১৫.০০০.০৩.০০.২০১৩-৮৮৯ নম্বর পরিপত্রের অনুচ্ছেদ ২ এর ২.০১ দফা নিম্নরূপে প্রতিস্থাপন করা হইল:

জাতীয়করণকৃত বিদ্যালয়ের এমপিওভুক্ত শিক্ষকের ক্ষেত্রে চাকুরীতে ১ম যোগদানের তারিখ।

(মোহাম্মদ আবুল কালাম) ০৬.১১.১৪
উপ-সচিব
ফোনঃ ৯৫১১০৭৩

**বিতরণ:**

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়/পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
৬। মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ (৫ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
৮। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা,................................... বিভাগ (সকল)।
১০। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,..............................................জেলা (সকল)।
১২। উপজেলা/থানা শিক্ষা অফিসার,.............................................. উপজেলা/থানা (সকল)।
১৩। উপজেলা/থানা হিসাব রক্ষণ কর্মকর্তা,....................................... উপজেলা/থানা (সকল)।